গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুল হালিম ভুঁঞা<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব) |
| তারিখ | : | ১৮ মার্চ, ২০২৫ |
| সময় | : | সকাল ১০.০০টা |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা। |

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব মোঃ মোঃ আব্দুল হালিম ভুঁঞা, পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতির (Citizen's Charter) সুষ্ঠু বাস্তবায়নের মাধ্যমে ইউনিটের সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃঙ্খলা আনয়ন করা যায়। এ কারণে ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

২। অতপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও উপপরিচালক (অর্থ ও হিসাব) জনাব মোঃ জিল্লুর রহমান ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ইউনিটের ৩য় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা ও হালনাগাদকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান, উপপরিচালক (অর্থ ও হিসাব) জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে। এটি অচিরেই ইউনিটের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | অংশীজনের মধ্যে সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগ নম্বর, অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি উল্লেখসহ ২০২৪-২৫ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৫) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক আগামী ২৪ মার্চ ২০২৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ইউনিটের ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান, উপপরিচালক (অর্থ ও হিসাব) সভায় ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার প্রাতিষ্ঠানিক কার্যক্রম ও বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন সংক্রান্ত বিষয়াবলী তুলে ধরেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার ২.১ কার্যক্রম অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। কিন্তু ইউনিটের আওতাধীন কোন দপ্তর/সংস্থা না থাকায় ২.২ কার্যক্রম অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক | ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) ও জি. এম হারুন অর রশিদ শাখা সহকারি |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে। এ অবস্থায়, ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। | | |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২.৩ কার্যক্রম অনুযায়ী ১ম ও ২য় ত্রৈমাসিকে কর্মকর্তা কর্মচারীগণের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ০২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান দাপ্তরিক কাজে প্রয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল কর্মকর্তা কর্মচারী |

৪। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০৩.২৫

মোঃ আব্দুল হালিম ভূঞা
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০১.০০০.০৫৯.২০১৬. ২৭৪

তারিখ: ০৯ চৈত্র ১৪৩১ / ২৩ মার্চ ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। পরিচালক (মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৪। উপপরিচালক (সকল) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৬। জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ অফিসার। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৭। জনাব/বেগম ......................................, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৮। পিএ টু মহাপরিচালক, এ ইউনিট। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি।

২৩.০৩.২০২৫

মোঃ জিল্লুর রহমান
উপপরিচালক (অর্থ ও হিসাব)
ফোন:+৮৮০-২-৪১০৫৩৫১৪
ই-মেইল: cpeimu2011@gmail.com